মেলান্দহে বিএনপি নেতাকর্মী ও সুধীজনকে নিয়ে অপপ্রচারের প্রতিবাদে সংবাদ সম্মেলন

লেখক: প্রকাশক | প্রকাশিত: 24 August 2026, 08:31 PM | বিভাগ: সারাদেশ

জামালপুরের মেলান্দহে স্থানীয় বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে মিথ্যা, বিভ্রান্তিকর ও মানহানিকর তথ্য প্রচারের অভিযোগ উঠেছে। এর প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন দুরমুঠ ইউনিয়ন বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মী এবং স্থানীয় সুধীজনরা।

সোমবার (২৪ আগস্ট) সকালে দুরমুঠ ইউনিয়ন পরিষদ কার্যালয় চত্বরে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

এতে বক্তব্য দেন দুরমুঠ ইউনিয়ন বিএনপির সভাপতি সৈয়দ রাশেদুজ্জামান অপু, সাধারণ সম্পাদক আক্তারুজ্জামান মিয়া বাদল, শামছুল হক ও শহীদুল্লাহ।

বক্তারা অভিযোগ করেন, ‘জামালপুর হালচাল’ নামের একটি ফেসবুক আইডি থেকে ইউনিয়নের সুধীজন,

সুশীল সমাজের প্রতিনিধি, মুক্তিযোদ্ধা, শিক্ষক-শিক্ষিকা এবং ইমাম-মোয়াজ্জিনদের নিয়ে কটূক্তি ও বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হচ্ছে। পাশাপাশি এআই প্রযুক্তিতে তৈরি ছবি ব্যবহার করেও বিভ্রান্তিকর তথ্য ছড়ানোর অভিযোগ করেন তারা।

বক্তাদের দাবি, বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীদের টার্গেট করে পরিকল্পিতভাবে এসব অপপ্রচার চালানো হচ্ছে। এতে সামাজিক ও রাজনৈতিকভাবে বিভ্রান্তি সৃষ্টি এবং স্থানীয়দের মধ্যে পারস্পরিক বিরোধ তৈরির আশঙ্কা দেখা দিয়েছে।

সংবাদ সম্মেলনে দুরমুঠ ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক চেয়ারম্যান সৈয়দ রাশেদুজ্জামান অপু এবং তাঁর ছেলে সৈয়দ সাফায়েত জামান অনিতকে নিয়েও অপপ্রচারের অভিযোগ তোলা হয়।

বক্তারা আরও বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে মিথ্যা ও মানহানিকর তথ্য ছড়িয়ে যারা বিভ্রান্তি সৃষ্টি করছে, তাদের শনাক্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া জরুরি। এ বিষয়ে প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর দ্রুত হস্তক্ষেপের দাবি জানান তারা।

সংবাদ সম্মেলনে দুরমুঠ ইউনিয়ন বিএনপির নেতাকর্মী, স্থানীয় সুধীজন ও কর্মরত সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।